৩ কলাম
৫ ইঞ্চি

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
রাজশাহী ডিভিশন, রাজশাহী।

''প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি''

এতদ্বারা আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নির্ধারিত ফরমে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন **"চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প"** এর আবাসিক প্লট বিক্রয়ের নিমিত্তে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

ক) প্লটের পরিমাণ ও জামানতের টাকার বিবরণ:

ক্র. নং	চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প			
	প্লটের আয়তন	প্লটের সংখ্যা	কাঠা প্রতি মূল্য	জামানতের পরিমাণ টা:
১	কম/বেশী ৫ কাঠা থেকে ৬ কাঠা	কম/বেশী - ১০ টি	৫.৫৫ লক্ষ	১,৫০,০০০/-
	কম/বেশী ৪.০০ কাঠা	কম/বেশী - ১৫ টি		১,৫০,০০০/-
২	কম/বেশী ৩.০০ কাঠা	কম/বেশী - ৩৪ টি		১,০০,০০০/-
৩	কম/বেশী ২.৫০ কাঠা	কম/বেশী - ৫৯ টি		১,০০,০০০/-

খ) জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অনুকূলে বাংলাদেশ ব্যাংকের যে কোন তফসীলভূক্ত/বাণিজ্যিক ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(রাজশাহী হইতে কালেকশনযোগ্য) এর মাধ্যমে আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্রয়োজনে সমপরিমাণ টাকা, পাউন্ড ষ্ট্যালিং/আমেরিকান ডলারে ড্রাফটের মাধ্যমে প্রদান করিতে পারিবেন।

গ) প্লট বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদনপত্র নগদ ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিম্নেবর্ণিত কার্যালয় হইতে ১৪ জুন, ২০১৮ খ্রি: পর্যন্ত ক্রয় ও জমা প্রদান করা যাইবে ঃ

(১) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী, (২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউটাউন, দিনাজপুর (৩) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা, (৪) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা, (৫) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা, (৬) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা, (৭) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা, (৮) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নাসিরাবাদ, চট্টগ্রাম, (৯) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।

ঘ) আবেদনকারীর বয়স ১৪/০৬/২০১৮ খ্রি: নূন্যতম ২৫ বৎসর হইতে হইবে।

ঙ) প্রসপেক্টাসে বর্ণিত চাহিদা মোতাবেক সকল কাগজপত্রের কপি সংযুক্ত সহ পূরণকৃত আবেদনপত্র ১৪ জুন, ২০১৮ খ্রি: মধ্যে অনু (গ) তে বর্ণিত অফিস সমূহে জমা দেওয়া যাইবে।

চ) প্রসপেক্টাসে বর্ণিত শর্তানুযায়ী প্রাপ্ত বৈধ আবেদনকারীদের মধ্যে প্লটের বরাদ্দ প্রদান করা হইবে। প্লটের সংখ্যা অপেক্ষা আবেদনকারীর সংখ্যা বেশী হইলে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গৃহীত হইবে।

ছ) প্লট বরাদ্দের অন্যান্য তথ্যাদি ও শর্তাবলী উপরে বর্ণিত কার্যালয়ে রক্ষিত প্রসপেক্টাস হইতে বিস্তারিত জানা যাইবে।

তারিখ: খ্রি:।

(পরিমল কুমার কুরী)
নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
রাজশাহী ডিভিশন
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।

Download from www.nha.gov.bd Date: 21/10/2018